

💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১২৫. হায়েয ও নিফাস অবস্থায় কী কী কাজ বৈধ?

- ১. হায়েযওয়ালী স্ত্রীর সাথে স্বামীর গা লাগানো, একত্রে শয়ন করা। (বুখারী: ৩০২; মুসলিম: ৩০২)। তবে স্ত্রী তার হাঁটু থেকে নাভি পর্যন্ত ঢেকে রাখা আবশ্যক। হায়েয অবস্থায় স্ত্রীসহবাস হারাম হলেও তার সাথে অন্য যেকোন প্রকার ফুর্তি আমোদ করতে কোন নিষেধ নেই।
- ২, একই গ্লাস বা প্লেটে ঋতুবতী স্ত্রীর সাথে পানাহার করা বৈধ। (মুসলিম: ৩০০)
- ৩. ঋতুবতী স্ত্রীর কোলে মাথা রেখে কুরআন পাঠ করা; (বুখারী: ২৯৭)।
- 8. হায়েযাওয়ালী মেয়ে তার স্বামীর খিদমত করা, মাথা ধুয়ে দেওয়া ও চুল আঁচড়িয়ে দেওয়া। (বুখারী: ২৯৫, আধুনিক: ২৮৬)।
- ৫. ঈদগাহে যাওয়া, ঈদের খুৎবা শোনা ও আসা-যাওয়ার পথে তাকবীর বলা।এটা শুধু জায়েযই নয় বরং মুস্তাহাব। (বুখারী: ৩২৪, আধুনিক: ৩১৩)।
- ৬. হজ্জ ও ওমরা পালনে শুধুমাত্র কাবাঘর তাওয়াফ করা ছাড়া বাকি সকল হুকুম আহকাম পালন করতে পারবে। যেমন তালবিয়্যাহ পাঠ, যিকর-আযকার ও দুআ সবই করতে পারবে।(বুখারী: ৩০৫, আধুনিক: ২৯৪)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12864

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন